

# Prime Minister Shri Narendra Modi speaks on telephone with H.E. Mr. Boris Johnson, Prime Minister of the United Kingdom

October 11, 2021

## ব্রিটিশ প্রধানমন্ত্রী মিঃ বরিস জনসনের সঙ্গে প্রধানমন্ত্রীর টেলিফোনে কথা

11 অক্টোবর, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ টেলিফোনে ব্রিটিশ প্রধানমন্ত্রী মিঃ বরিস জনসনের সঙ্গে কথা বলেছেন।

এ বছরের শুরুতে তাঁদের মধ্যে অনুষ্ঠিত ভার্চুয়াল সম্মেলনের পর দ্বিপাক্ষিক সম্পর্কের উন্নয়ন নিয়ে উভয় নেতা পর্যালোচনা করেন। সেই সম্মেলনে ২০৩০ রোড ম্যাপ অনুযায়ী যেসব পদক্ষেপ নেওয়া হয়েছে দুই নেতাই সে বিষয়ে সন্তোষ প্রকাশ করেছেন। তাঁরা বর্ধিত বাণিজ্যিক অংশীদারিত্বের বিষয়গুলি পর্যালোচনা করেছেন। দুটি দেশের মধ্যে ক্রমবর্ধমান ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগের সম্ভাবনা নিয়ে আলোচনা হয়েছে।

উভয় নেতা নভেম্বরের শুরুতে গ্লাসগোতে ইউএনএফসিসিসি সিওপি ২৬এর আসন্ন বৈঠকের প্রেক্ষিতে জলবায়ু পরিবর্তন সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করেন। জলবায়ু পরিবর্তন রোধে ভারতের অঙ্গীকারের কথা প্রধানমন্ত্রী উল্লেখ করেন। ইতিমধ্যেই পুনর্নবীকরণযোগ্য জ্বালানীর প্রসার ঘটানোর উদ্যোগ নেওয়া হয়েছে। এছাড়াও সম্প্রতি জাতীয় হাইড্রোজেন মিশন ঘোষিত হয়েছে।

আফগানিস্তান সহ আঞ্চলিক বিভিন্ন বিষয় নিয়ে নেতৃবৃন্দের মধ্যে মতবিনিময় হয়। এই প্রসঙ্গে জঙ্গিতৎপরতা ও মৌলবাদ, মানবাধিকার ও মহিলা এবং সংখ্যালঘুদের অধিকার নিয়ে একটি অভিন্ন আন্তর্জাতিক ব্যবস্থাপনা গড়ে তোলার বিষয়ে তারা সহমত পোষণ করেন।

নতুন দিল্লি

11 অক্টোবর, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.